# ২০২৩
# বাংলা
## অনার্স
## (জেনেরিক ইলেকটিভ্)
## (সি বি সি এস পদ্ধতি অনুযায়ী পুরাতন পাঠক্রম)
## প্রথম সেমেস্টার
## কোর্স কোড : BNGH-GE-T-1
## বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ), ছন্দ, অলংকার, বৈষ্ণব পদাবলী
## (Old CBCS Syllabus)

পূর্ণমান : ৬০ সময় : ২.৩০ ঘণ্টা

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।*

*প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।*

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও: ২×১০=২০

ক) উদাহরণসহ উপমা অলংকারের সংজ্ঞা দাও।

খ) চর্যাপদে কতজন কবির, কতগুলি পূর্ণাঙ্গ গানের উল্লেখ পাওয়া যায়?

গ) শ্রীকৃষ্ণদাস কবিরাজ রচিত ‘শ্রীচৈতন্যচরিতামৃত’ গ্রন্থটি কয়টি খণ্ডে বিভক্ত? গ্রন্থটির অধ্যায় সংখ্যা উল্লেখ করো।

ঘ) বাংলা ভাষায় রচিত দুটি চৈতন্যজীবনী গ্রন্থের নাম ও রচয়িতার নাম উল্লেখ করো।

ঙ) সাধককবি রামপ্রসাদ কোথায় জন্মগ্রহণ করেন? তিনি কোন্ রাজার পৃষ্ঠপোষকতা লাভ করেছিলেন?

*[পরের পাতায়]*

চ) নারায়ণদেব কোন্ বঙ্গের কবি ছিলেন? তাঁর কাব্যে প্রকাশিত মঙ্গলকাব্যের দুটি উল্লেখযোগ্য বৈশিষ্ট্য লেখো।

ছ) 'অহর্নিশি রহত অগোর'— 'অগোর' শব্দের অর্থ কী? কার সম্বন্ধে বলা হয়েছে?

জ) চর্যাপদের পুঁথিতে প্রকৃতপক্ষে পদের সংখ্যা কত ছিল? মোট কতগুলি পদ পাওয়া গিয়েছিল?

ঝ) "একদিঠ করি ময়ূর ময়ূরী।

কণ্ঠ করে নিরীক্ষণে।' — রাধা এরূপ কাজ করেছেন কেন?

ঞ) ভারতচন্দ্রের 'অন্নদামঙ্গল' কাব্যটি কয়টি খণ্ডে বিভক্ত? তিনি কোন্ সময়ের কবি? তাঁর কাব্যের খণ্ডগুলির নাম লেখো।

ট) কলাবৃত্ত ছন্দের মাত্রাগণনা পদ্ধতিটি কী?

ঠ) দল কাকে বলে? 'ছন্দ' শব্দটিতে কয়টি দল রয়েছে ও কী কী?

ড) 'ভারত ভারত খ্যাত আপনার গুণে'— উদ্ধৃতিটি কোন্ অলংকারের দৃষ্টান্ত?

ঢ) বক্রোক্তি অলংকারের একটি দৃষ্টান্ত দাও।

ণ) রামপ্রসাদের রচিত একটি গ্রন্থের নাম লেখো। তাঁর জন্মস্থান কোথায়?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) ছন্দলিপি প্রণয়ন করো:

"ভুতের মতন চেহারা যেমন, নির্বোধ অতি ঘোর।
যা কিছু হারায়, গিন্নি বলেন, কেষ্টা বেটাই চোর।"



খ) সন্ধ্যা ভাষা কাকে বলে? চর্যাপদে এই ভাষার ব্যবহার কীভাবে হয়েছে তা বুঝিয়ে দাও।

গ) বাংলা মঙ্গলকাব্য ধারায় অন্নদামঙ্গল কাব্যকে 'নূতন মঙ্গল' বলার কারণ ব্যাখ্যা করো।

ঘ) চর্যাপদাবলীতে সমাজজীবনের যে ছবি পাওয়া যায়, তা বুঝিয়ে দাও।

ঙ) 'রূপ লাগি আঁখি ঝুরে' পদটির ভাবসৌন্দর্য বুঝিয়ে দাও।

চ) শ্লেষ অলংকার ও যমকের পার্থক্যগুলি উদাহরণসহ আলোচনা করো।

৩। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও: ১০×২=২০

ক) বাংলা সাহিত্যের ইতিহাসে 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের গুরুত্ব আলোচনা করো।

খ) বাংলা ভাষায় মহাভারতের শ্রেষ্ঠ অনুবাদক কে? তাঁর শ্রেষ্ঠত্বের কারণ বর্ণনা করো।

গ) দলবৃত্ত ছন্দ কাকে বলে? এই ছন্দের বৈশিষ্ট্যগুলি উপযুক্ত উদাহরণসহ ব্যাখ্যা করো।

ঘ) কলাবৃত্ত ছন্দ কাকে বলে? এই ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো।